

ফিলাডেলফিয়া শহর
আচরণগত স্বাস্থ্য বিভাগ এবং
**বুদ্ধিবৃত্তিক অক্ষমতা
পরিষেবা**

কী আশা করতে হবে সহায়তা সমন্বয়ক নিয়োগ প্রক্রিয়া

আপনার সহায়তা সমন্বয়ক (SC) যা করবে:

- আপনার সংশ্লিষ্ট সকল মিটিংয়ে চাকুরি সম্পর্কে কথা বলবে। আপনার জন্য
- উপলব্ধ বিকল্পগুলি সম্পর্কে আপনাকে অবহিত করবে।
- আপনাকে বিভিন্ন বিকল্প এবং পরিষেবার সাথে সংযুক্ত করবে যা আপনাকে আপনার লক্ষ্য পূরণে সহায়তা করবে।
- আপনাকে পেনসিলভেনিয়া অফিস অফ ভোকেশনাল রিহ্যাবিলিটেশন (OVR) এর কাছে রেফার করবে এবং আপনার হয়ে ফলো আপ করবে।
 - OVR আপনার যোগ্যতা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের পর, আপনার SC নিশ্চিত করবে যে একাধিক চাকুরির নিয়োগকর্তার কাছ থেকে আপনাকে প্রস্তাব দেওয়া হয়েছে যাতে আপনি আপনার জন্য সবচেয়ে ভালো একটি অপশন বেছে নিতে পারেন।
- প্রয়োজনীয় সকল কাগজপত্র (যেমন পরিষেবা পছন্দ প্যাকেট এবং পরিষেবার জন্য জরুরি প্রয়োজনের অগ্রাধিকার) হালনাগাদ করা রয়েছে সেটি নিশ্চিত করবে।
- ব্যক্তিগত সহায়তা পরিকল্পনা (ISP) আপনার কাছে পরিষ্কার এবং এটি আপনার ব্যক্তিগত লক্ষ্যগুলির
- প্রতিফলন সেটি নিশ্চিত করবে। নির্বাচিত চাকুরিগুলোর নিচে চাকুরির লক্ষ্যগুলি স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে সেটি নিশ্চিত করবে।
- পরিবহন বিষয়ে সহায়তা করবে, যাতে অন্যান্য বিকল্পের মধ্যে রয়েছে পারিবারিক সমর্থন, SEPTA, রাইডশেয়ার (Uber/Lyft) এবং কাস্টমাইজড কমিউনিটি ট্রান্সপোর্টেশন (CCT)-এ আবেদন করা।
- অগ্রগতি হচ্ছে কিনা সেটি নিশ্চিত করতে নিয়োগকর্তাদের সাথে কাজ করবে।
- আপনার চাকুরিতে সহায়তা করার জন্য সকল পরিষেবা একসাথে কাজ করছে সেটি নিশ্চিত করবে।
- আপনাকে একজন বেনিফিটস কাউন্সেলরের কাছে পাঠাবে যিনি আপনার চাকুরিকালীন সংঘটিত পরিপূরক নিরাপত্তা আয় (SSI) এবং সামাজিক নিরাপত্তা অক্ষমতা বীমা (SSDI) পরিবর্তনগুলি ব্যাখ্যা করতে পারেন।
- আপনার কাজের খোঁজখবর নিবে এবং ভবিষ্যতের লক্ষ্য নিয়ে আলোচনা করবে।
- আপনি যখন হাই স্কুল পাশ করবেন তখন আপনার জন্য কোন পরিষেবাগুলি উপলব্ধ সেটি বুঝতে আপনাকে সাহায্য করবে।

চলুন কাজ শুরু করা যাক!

আরও তথ্যের জন্য, philaonthejob.org এ যান

City of Philadelphia
DBHIDS
DEPARTMENT of BEHAVIORAL HEALTH
and INTELLECTUAL disABILITY SERVICES



ফিলাডেলফিয়া ইন্টেলেকচুয়াল ডিসঅ্যাবিলিটি সার্ভিসেস (আইডিএস) হল একটি প্রশাসনিক সংস্থা যা ফিলাডেলফিয়া কাউন্টিতে পরিষেবা পরিচালনা করার জন্য পেনসিলভেনিয়া ডিপার্টমেন্ট অফ হিউম্যান সার্ভিসেস, অফিস অফ ডেভেলপমেন্টাল প্রোগ্রামের সাথে চুক্তিবদ্ধ। আইডিএস মানসম্পন্ন সহায়তা এবং পরিষেবা প্রদানের জন্য কমনওয়েলথ এবং পরিষেবা প্রদানকারীদের সাথে কাজ করে যাতে কোন ব্যক্তি তার জীবন, অর্থপূর্ণ সম্পর্ক এবং মূল্যবান নাগরিক হিসাবে কমিউনিটিতে অংশগ্রহণ প্রভৃতি কাজে বেছে নেওয়ার সুযোগ থাকে।

ছবি: স্টিভ ওয়েইনিক